

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট।

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর জুন/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	২১/০৬/২০২১
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	অনলাইন, জুম এপস
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন (পরিচালক) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। আলোচনাঃ

২.১। গত ১৮-০৫-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত
০১।	<p><b>প্রশাসনিক</b></p> <p>মহাপরিচালক গত অর্থবছরের অর্জনগুলো নিয়ে ডকুমেন্টারি তৈরি করার জন্য নির্দেশনা প্রদান করে বলেন, গত অর্থবছরে ড্যাশবোর্ড সেমিনারসহ সকল কিছুতে হাইড্রোকার্বন ইউনিট অনেক সৃজনশীল কাজ করেছে। সামগ্রিক পারফরম্যান্সের মূল্যায়নের ভিত্তিতে আগে কি করা হয়েছে এবং বর্তমানে কি করেছি তা হাইলাইট করে একটি ডকুমেন্টারি তৈরি করতে হবে। মুজিববর্ষের প্রমাণক হিসেবে এই ডকুমেন্টারিটা ব্যবহার করা যেতে পারে। তিনি আরো বলেন ডকুমেন্টারি কোয়ালিটি সম্পন্ন হতে হবে, প্রয়োজনে প্রফেশনাল লোক দিয়ে কাজ করাতে হবে। মহাপরিচালক অফিসের জন্য আলাদা সাইন বোর্ড তৈরি করার কথাও বলেন। তিনি মোবাইল অ্যাপস তৈরি করার বিষয়ে জানতে চাইলে, সহকারী পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ জানান অ্যাপস তৈরির কাজ চলমান রয়েছে।</p>	আলোচনায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।

০২।	<b>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-</b> ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) জনাব মেহেদী হাসান জানান যে প্রণোদনার বিষয়টি এখনো বাকি রয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তীতে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে বলে মহাপরিচালক জানান। উপ-পরিচালক (পরিকল্পনা পিএসসি) জানান ১৩ টি রিপোর্ট এবং দুইটি স্টাডি রিপোর্ট করা হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যেই আটটি সেমিনার করা হয়েছে। ইভালুয়েশনের সময় বিষয়গুলো উল্লেখ করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) জনাব মেহেদী হাসান অডিটের ব্যাপারে বলেন, ২০১৪ সাল থেকে কোন অডিট আপত্তি নেই। মহাপরিচালক নিয়মিত বিষয়গুলো ফলোআপ করার জন্য নির্দেশ প্রদান করেন।	এপিএ সংক্রান্ত কাজের অগ্রগতি পর্যালোচনা করতে হবে।
০৩।	<b>ইনোভেশন</b> মহাপরিচালক হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ইনোভেশন সংক্রান্ত বিষয়ে অগ্রগতি জানতে চাইলে উপ-পরিচালক (পরিকল্পনা পিএসসি) জানান চারটি প্রশিক্ষণ যথাযথ নিয়মে সম্পন্ন হয়েছে। দুটি উদ্ভাবনী সেমিনার হয়েছে। সহকারী পরিচালক (পরিকল্পনা) জানান বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা এবং সেবা সহজীকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনার চলমান রয়েছে।	উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা এবং সেবা সহজীকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনার কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।
০৪।	<b>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</b> মহাপরিচালক ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি জানতে চান। উপ-পরিচালক (পরিকল্পনা পিএসসি) বলেন শুদ্ধাচার নির্দেশিত সকল কাজ যথাসময়ে সম্পন্ন হয়েছে। টেলিফোন গাইডের কাজ চলমান রয়েছে। মহাপরিচালক বলেন টেলিফোন গাইড প্রাপ্তির বিষয়ে দপ্তর/সংস্থাকে অবহিত করার জন্য পত্র প্রস্তুত করতে হবে।	টেলিফোন গাইডের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।
০৫।	<b>ই-নথি:</b> হাইড্রোকার্বন ইউনিটের ই-নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। বর্তমান প্রেক্ষাপটে ই-নথির মাধ্যমে কাজ করার বিষয়ে আলোচনা করেন।	ই-নথি ভিত্তিক কার্যক্রম জোরদার করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৬।	<b>অন্যান্য</b> মহাপরিচালক সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য নির্দেশ দেন। তিনি অফিসের বিদ্যুৎ ও পানি সাশ্রয় করার বিষয়েও কথা বলেন।	আলোচনায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০১.২০.২৪৩

তারিখ: ১০ আষাঢ়. ১৪২৮

২৪ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), হাইড্রোকার্বন ইউনিট
- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।

- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকାର্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) অফিস কপি।



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক